পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

তারিখ : ৫ জানুয়ারী ২০২৫ খ্রিষ্টাব্দ
স্মারক নং: পদক্ষেপ/পিডিএগুআইসি/২০২৫-২৬৭

**উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সটি সম্পাদানের ক্ষেত্রে ব্যক্তি পরামর্শকদের কাছ থেকে দরখাস্ত আহবান ।**

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, টুঙ্গিপাড়া, কোটালীপাড়া, কাশীয়ানী ও মুকসুদপুর উপজেলায় পিকেএসএফ, IFAD ও DANIDA এর অর্থায়নে Rural Microenterprise Transformation project (RMTP) প্রকল্পটি জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ মাস হতে সফলভাবে বাস্তবায়ন করছে । উক্ত প্রকল্পের বিভিন্ন উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যসমূহকে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, ইউটিউব, ইনস্ট্রাগ্রাম, ওয়েবপেজ ইত্যাদি ব্যবহার করে ব্রান্ডিং কার্যক্রম সম্পাদনের নিমিত্তে উদ্যোক্তাদের সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এজন্য উদ্যোক্তদের উপাদিত পণ্যের প্রচারের জন্য সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং বিষয়ক দক্ষতা উন্নয়ন বিষক প্রশিক্ষণ কোর্সটি সম্পাদনের ক্ষেত্রে ব্যক্তি পরামর্শকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে ।

| ক্রমিক নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১ | প্রশিক্ষণ কার্যক্রম | মোট ব্যাচ ১০টি, প্রতি ব্যাচের আওতায় ২০ জন উদ্যোক্তাকে ১ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করতে হবে। |
| ২ | **পরামর্শকের যোগ্যতা ও অভিজ্ঞতা** | |
| ২.১ | শিক্ষাগত যোগ্যতা | যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক পাশ হতে হবে । |
| ২.২ | অভিজ্ঞতা | ১.স্বনামধন্য প্রশিক্ষণ একাডেমি, বিজ্ঞাপন দাতা এজেন্সি প্রতিষ্ঠান, ডিজিটাল মার্কেটিং সেবা প্রদানকারী ওয়েব মিডিয়া/ব্লগ, ডিজিটাল এডুকেশন টেকনোলজি (Edtech)/ এডভেটাইজিং টেকনোলজি (Adtech)/ স্টার্ট আপ এ কমপক্ষে ০৩ বছরের কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে ।<br>২.সোশ্যাল মিডিয়া মার্কেটিং/ডিজিটাল মার্কেটিং সংক্রান্ত প্রশিক্ষক হিসেবে বিভিন্ন সোশ্যাল মিডিয়া /ডিজিটাল প্লাটফর্ম যেমন: Facebook, Twitter, Instagram, Linkedin, Tik Tok, YouTube ইত্যাদি) এ সৃজনশীল ও আকর্ষণীয় কনটেন্ট প্রস্তুত সংক্রান্ত, সোশ্যাল মিডিয়া ম্যাট্রিক্স এবং এনালাইট্রিক্স সংক্রান্ত অভিজ্ঞতা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ২.৩ | বৈষয়িক দক্ষতা | নিম্নোক্ত বিষয় সমুহে দক্ষতাকে অগ্রাধিকার দেওয়া হবে<br>1.Canva/ Canava Pro, 2. Chat GPT, 3. Lead Generation, 4. Search Engine Optimization (SEO), 5. Google Advertising Camping and Analytics, 6. Video Content Creation, 7. Social media Page/Channel Boosting, 8. YouTube Marketing. |
| ২.৪ | কম্পিউটার ফিলু | পরামর্শকের উপরোক্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় কম্পিউটার যেমন মাইক্রোসফট অফিস গ্রাফিক বিষয়ে সফটওয়্যার ইত্যাদি চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২.৫ | বয়স | সর্বোচ্চ ৪০ বছর হতে হবে |
| ৩ | প্রশিক্ষক/পরামর্শক এর সম্মানী | প্রতি ব্যাচের জন্য ১০,০০০/-(দশ হাজার) টাকা করে মোট ১০ ব্যাচের জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা (ট্যাক্সসহ) সম্মানী প্রদান করা হবে। |
| ৪ | আবেদন পাঠানোর সময়সীমা | আবেদন পাঠানোর শেষ সময় ১০/০১/ ২০২৫ইং বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত। |
| ৫ | ই-মেইল | rafiqul@padakhep.org, mmlemon16@gmail.com |
| ৬ | আবেদন পাঠানোর ঠিকানা | নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ, ২৮/১, এস টাওয়ার, পশ্চিম তেজতুরি বাজার, কাওরান বাজার, ঢাকা ১২০৭। |
| ৭ | যোগাযোগ | মোবাইল নম্বর: ০১৭৩০-০২৬৩১৫, ০১৭৬১-১৩১৮৭১ |

মো: সালেহ বিন সামস
নির্বাহী পরিচালক

## উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সটি সম্পাদনের ক্ষেত্রে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সংক্রান্ত কর্মপরিধি

### ১.০ সহযোগী সংস্থা সম্পর্কে:

বাংলাদেশের শীর্ষস্থানীয় উন্নয়ন সংস্থা পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র দেশের আর্থ-সামাজিক অগ্রযাত্রায় ১৯৮৬ সাল থেকে অগ্রগামীর ভূমিকা পালন করে চলেছে। ৩৮ বছরের এই রূপান্তর যাত্রায় সম্ভাবনার ক্ষমতায়নে ৪৭০০ এর অধিক কর্মী ও ৭৫০ এর অধিক কার্যালয়ের বিস্তৃত নেটওয়ার্ক নিয়ে সহযোগী হয়েছে এক কোটির অধিক উপকারভোগীর ক্রমবিকাশমান উন্নয়নে।
সদস্যদের সক্ষমতা উন্নয়ন, বাজার সংযোগ ও অর্থায়ন সহযোগিতায় সমন্বিত উন্নয়ন কৌশল বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে পদক্ষেপ।
বিশ্ব ব্যবস্থায় দ্রুত পরিবর্তন ঘটছে। বিশেষ করে প্রযুক্তির নিত্য উৎকর্ষতার দাক্ষিণ্যে প্রতিনিয়ত বদলে যাচ্ছে আমাদের জগত, বিবর্তন ঘটছে মানুষের জীবনধারায়। প্রযুক্তিগত উন্নয়ন সমাজ রূপান্তরের প্রবণতাকে বেগবান করছে। আর এই রূপান্তরের অগ্রযাত্রায় পদক্ষেপ একটি ইতিবাচক পরিবর্তনের মধ্যে অবস্থান করছে। বিশেষভাবে, নতুন প্রজন্মের চিন্তাধারা এবং তাদের উদ্ভাবনী দৃষ্টিভঙ্গির সাথে তাল মিলিয়ে সামনে অগ্রসর হওয়া জরুরী। পদক্ষেপ এই দৃষ্টিভঙ্গির প্রতি নিবেদিত। এই প্রেক্ষিতে পদক্ষেপ সম্মিলিতভাবে সকলের অভিজ্ঞতা এবং নতুন প্রজন্মের শক্তি ব্যবহার করে সাম্যে গড়া এমন এক পৃথিবীর দিকে অগ্রসর হই যেখানে প্রত্যেক সম্ভাবনাই বিস্তারযোগ্য অবদান রাখবে একটি টেকসই ভবিষ্যৎ বিনির্মানে।

### ২.০ Rural Microenterprise Transformation Project (RMTP) সম্পর্কে:

International Fund for Agricultural Development (IFAD) এবং DANIDA'র যৌথ অর্থায়নে পিকেএসএফ RMTP নামক প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পটি ক্ষুদ্র উদ্যোগের আর্থিক পরিষেবা সম্প্রসারণের পাশাপাশি নির্বাচিত ভ্যালু চেইন উপ-প্রকল্পসমূহের আওতায় প্রযুক্তি হস্তান্তর এবং নিরাপদ ও পুষ্টিমান সমৃদ্ধ কৃষি পণ্য (কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ) উৎপাদনের সাথে জড়িত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, উদ্যোক্তা এবং অন্যান্য মার্কেট অ্যাক্টরদের আয়বৃদ্ধির জন্য কাজ করছে। প্রকল্পটি পণ্যের তুলনামূলক সুবিধা এবং কৃষিভিত্তিক পণ্যের বাজার সম্প্রসারণের জন্য বিভিন্ন উপ-প্রকল্পভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন করছে। এ প্রকল্পের আওতায় উৎপাদিত পণ্যের ব্র্যান্ড ইমেজ তৈরির পাশাপাশি পণ্য প্রক্রিয়াজাতকরণ, সনদায়ন, বিপণন এবং রপ্তানি পণ্য বৃদ্ধিকরণ করা হচ্ছে। এ পর্যায়ে, পণ্যসমূহকে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম যেমনঃ ফেসবুক, এক্স, ইউটিউব, ইনস্টাগ্রাম ইত্যাদি ব্যবহার করে ব্রান্ডিং কার্যক্রম সম্পাদনের নিমিত্ত উদ্যোক্তাদেরকে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

### ৩.০ উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্সের লক্ষ্য ও উদ্দেশ্য:

পিকেএসএফ কর্তৃক বাস্তবায়নাধীন RMTP-এর আওতায় কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ সেক্টরে ৭৮টি ভ্যালু চেইন উপ-প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। এ সকল ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতাভুক্ত উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যসমূহের প্রচার প্রচারণার লক্ষ্যে উপরোক্ত সোশ্যাল মিডিয়া মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। এ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করা সম্ভব হবে।

ক) অনলাইনভিত্তিক বাজার ব্যবস্থার উপযোগী উদ্যোক্তাদেরকে শনাক্ত করা যাবে।

খ) উদ্যোক্তারা সোশ্যাল মিডিয়া যেমনঃ ফেসবুক, এক্স, ইউটিউব, ইনস্টাগ্রাম প্রভৃতি ব্যবহার করে তাদের উৎপাদিত পণ্যের বিজ্ঞাপন প্রস্তুত থেকে শুরু করে শ্রেণি, বয়স, অবস্থান অনুযায়ী মানুষের মধ্যে প্রচারণা করতে সক্ষম হবেন।

গ) পণ্য কীভাবে ব্র্যান্ড হিসাবে আবির্ভূত হয় সে সম্পর্কে উদ্যোক্তারা জানতে পারবেন।

ঘ) উদ্যোক্তাদের অনলাইন মার্কেট(ই-কমার্স, এফ-কমার্স)-এ প্রবেশাধিকার বৃদ্ধি পাবে।

### ৪.০ উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত কোর্সটির আলোচ্য বিষয়সমূহকে ৬টি মডিউলে বিভক্ত করা হয়েছে, মডিউলসমূহ ও সেগুলোর বিষয়বস্তু নিম্নরূপ (এতৎসংশ্লিষ্ট সেশন পরিচালনা পরিকল্পনা সংযুক্তি-১ দ্রষ্টব্য)-

| | | | |
|---|---|---|---|
| ১ | উদ্বোধন ও প্রশিক্ষণ বিষয়ক প্রাথমিক আলোচনা | ৪ | Meta Business Suite |
| | • উদ্বোধন, রেজিস্ট্রেশন, জড়তা বিমোচন | | • Meta Business Suite বিষয়ক ধারণা |

| | | | |
|---|---|---|---|
| | • প্রশিক্ষণের উদ্দেশ্য সম্পর্কে সাধারণ ধারণা | | • Meta Business সেটিংস<br>• ফেসবুক পেজ অ্যাক্সেস ব্যবস্থাপনা<br>• ফেসবুক বিষয়ক নিরাপত্তা (2FA, Spam) |
| ২ | সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং বিষয়ক ধারণা | ৫ | Ads Manager |
| | • সোশ্যাল মিডিয়া এবং মার্কেটিং সম্পর্কে প্রাথমিক ধারণা<br>• পণ্যের ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন সম্পর্কে ধারণা<br>• পণ্যের মান উন্নয়ন বিষয়ক ধারণা<br>• পণ্যের প্যাকেজিং বিষয়ক ধারণা<br>• পণ্যের পরিবহণ বিষয়ক ধারণা<br>• বিভিন্ন প্রকার সোশ্যাল চ্যানেল বিষয়ক আলোচনা<br>• ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম এবং অন্যান্য সোশ্যাল চ্যানেলের ব্যবহার বিষয়ক আলোচনা | | • Ads Manager বিষয়ক ধারণা<br>• Facebook Ads Manager বিষয়ক ধারণা<br>• Facebook Ads Auction<br>• Facebook Ads-এর কার্যকারিতা<br>• বুস্টিং ও মেট্রিক্স বিষয়ক ধারণা<br>• পেমেন্ট ও পণ্যের ডেলিভারি বিষয়ক ধারণা |
| ৩ | ফেসবুকভিত্তিক মার্কেটিং কৌশল | ৬ | ইউটিউবভিত্তিক মার্কেটিং কৌশল |
| | • ফেসবুক পেজ প্রস্তুতকরণ এবং অপটিমাইজেশন<br>• ফেসবুক অ্যালগরিদম-এর কার্যপদ্ধতি<br>• ক্যালেন্ডারভিত্তিক কনটেন্ট ব্যবস্থাপনা<br>• ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি বিষয়ক ধারণা<br>• লাইভ এবং রিল প্রস্তুতকরণ<br>• ফেসবুক মনেটাইজেশন | | • ইউটিউব চ্যানেল প্রস্তুতকরণ<br>• ভিডিও প্রস্তুত বিষয়ক ধারণা<br>• Thumbnail প্রস্তুতকরণ<br>• ইউটিউব অ্যানালাইটিক্স<br>• করণীয়  এবং করণীয়  নয় বিষয়ক আলোচনা |

**৫.০ পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় ডকুমেন্টস/নথি:**

ক) পরামর্শক প্রতিষ্ঠানের এতদ্বিষয়ক অভিজ্ঞতার আলোকে বিভিন্ন পণ্যভিত্তিক উদাহরণের মাধ্যমে অনুচ্ছেদ ৪.০ এবং সংযুক্তি-১ মোতাবেক উপরোক্ত প্রশিক্ষণ প্রদান করবেন। প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণার্থী মূল্যায়ন ফর্ম প্রস্তুত করবেন এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মূল্যায়নসহ (Pre and Post-evaluation) তা সহযোগী সংস্থায় জমা প্রদান করবেন।

খ) প্রশিক্ষণ সংক্রান্ত মডিউলভিত্তিক শিখন ডকুমেন্ট-এর সফটকপি, অডিও/ভিডিও কনটেন্ট উদ্যোক্তাদেরকে প্রদান করবেন।

**৬.০ চুক্তির সময়কাল:**

সহযোগী সংস্থার প্রশিক্ষণ বাস্তবায়ন পরিকল্পনায় নির্দেশিত ব্যাচের সংখ্যা অনুযায়ী পরামর্শক প্রতিষ্ঠান প্রশিক্ষণ প্রদানের জন্য চুক্তিবদ্ধ হবেন। প্রতি ব্যাচের আওতায় নির্দিষ্ট সংখ্যক উদ্যোক্তাদেরকে অনুচ্ছেদ-৪ মোতাবেক ১ দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান করতে হবে। উক্ত প্রশিক্ষণ বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান, সহযোগী সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ বজায় রাখবেন এবং তাঁকে এতৎসংশ্লিস্ট যেকোনো প্রকারের রিপোর্টিং করবেন।

**৭.০ যোগ্যতা ও অভিজ্ঞতা:**

**ক) পরামর্শক প্রতিষ্ঠান (জাতীয়)**

i) পরামর্শক প্রতিষ্ঠানটির ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে-যার মধ্যে প্রশিক্ষণ প্রদান, ডিজিটাল মার্কেটিং, ডিজিটাল এডুকেশন টেকনোলজি (Edtech)/ অ্যাডভার্টাইজিং টেকনোলজি (Adtech), অনলাইন মিডিয়া/ব্লগ ইত্যাদি বিষয়ের ওপর ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ii) পরামর্শক প্রতিষ্ঠানের কোম্পানি রেজিস্ট্রেশন সার্টিফিকেট(প্রযোজ্য ক্ষেত্রে), বৈধ ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং আর্থিক সক্ষমতা যাচাইয়ের জন্য ন্যূনতম ৬ মাসের ব্যাংক স্টেটমেন্ট প্রেরণ করতে হবে।

iii) পরামর্শক প্রতিষ্ঠানটির বৈধ ইনকাম ট্যাক্স, ভ্যাট সার্টিফিকেট থাকতে হবে।

iv) প্রাতিষ্ঠানিক কমিটির সদস্য/পরিচালনা পর্ষদের সদস্যদের তালিকা প্রেরণ করতে হবে।

v) পরামর্শক প্রতিষ্ঠানটির একটি দক্ষ টিম কম্পোজিশন থাকতে হবে (১০-২০ জন)।

vi) ৬ বছরে সম্পাদিত এবং বর্তমানে চলমান অ্যাসাইনমেন্টসমূহের বিবরণ প্রদান করতে হবে। তবে প্রশিক্ষণ বিশেষত ডিজিটাল মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত কর্মকান্ড সম্পাদনের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে।

**খ) টিম কম্পোজিশন (ডিজিটাল মার্কেটিং সংশ্লিষ্ট পরামর্শক=৬-১০ জন)**

ক. শিক্ষাগত যোগ্যতা: যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক পাশ হতে হবে।

খ. অভিজ্ঞতা:

i) স্বনামধন্য প্রশিক্ষণ একাডেমি, বিজ্ঞাপনদাতা এজেন্সি/প্রতিষ্ঠান, ডিজিটাল মার্কেটিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, ওয়েব মিডিয়া/ব্লগ, ডিজিটাল এডুকেশন টেকনোলজি (Edtech)/ অ্যাডভার্টাইজিং টেকনোলজি (Adtech) স্টার্ট-আপ-এ কমপক্ষে ০৩ বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

ii) সোশ্যাল মিডিয়া মার্কেটিং/ডিজিটাল মার্কেটিং সংক্রান্ত প্রশিক্ষক হিসেবে, বিভিন্ন সোশ্যাল মিডিয়া/ডিজিটাল প্ল্যাটফর্ম (যেমনঃ Facebook, Twitter, Instagram. LinkedIn, Tiktok, YouTube ইত্যাদি)-এ সৃজনশীল ও আকর্ষণীয় কনটেন্ট প্রস্তুত সংক্রান্ত, সোশ্যাল মিডিয়া মেট্রিক্স এবং অ্যানালাইটিক্স সংক্রান্ত অভিজ্ঞতা থাকলে প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

গ) বৈষয়িক দক্ষতাঃ নিম্নোক্ত বিষয়সমূহে দক্ষতা থাকলে প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

i) Canva/Canva pro
ii) Chat GPT
iii) Lead Generation
iv) Search Engine Optimization (SEO)
v) Google Advertising Campaigns and Analytics
vi) Video content creation
vii) Social Media Page/Channel Boosting
viii) YouTube Marketing

ঘ) কম্পিউটার স্কিলঃ পরামর্শকের উপরোক্ত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় কম্পিউটার স্কিল যেমনঃ মাইক্রোসফট অফিস, গ্রাফিক্স বিষয়ক সফটওয়্যার ইত্যাদি চালনার অভিজ্ঞতা থাকতে হবে।

ঙ) বয়স: সর্বোচ্চ ৫০ বছর হতে হবে।

## ৮.০ পরামর্শক প্রতিষ্ঠান (জাতীয়) নির্বাচন পদ্ধতি

পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ দ্বারা নির্দেশিত Least-Cost Selection (LCS) পদ্ধতি অনুসারে পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। চুক্তির ধরণ হবে থোক (Lump-sum)।

## ৯.০ মূল্য পরিশোধ প্রক্রিয়া

পরামর্শক প্রতিষ্ঠান সহযোগী সংস্থার কাছে জমা দেওয়া চালানের উপর ভিত্তি করে অর্থ প্রদান করা হবে। এই চুক্তির অধীনে পরামর্শক প্রতিষ্ঠানকে A/c Payee চেকের মাধ্যমে অর্থ প্রদান করা হবে।

+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

Rmtp

# Rural Microenterprise Transformation Project (RMTP)
## উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং প্রশিক্ষণ কোর্স

### কোর্সের বিষয়সূচী

উদ্যোক্তা পর্যায়ে সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সংক্রান্ত কোর্সটির আলোচ্য বিষয়সমূহকে ৬টি মডিউলে বিভক্ত করা হয়েছে, মডিউলসমূহ ও সেগুলোর বিষয়বস্তু নিম্নরূপ-

| | | | |
|---|---|---|---|
| ১ | উদ্বোধন ও প্রশিক্ষণ বিষয়ক প্রাথমিক আলোচনা | ৪ | Meta Business Suite |
| | • উদ্বোধন, রেজিস্ট্রেশন, জড়তা বিমোচন<br>• প্রশিক্ষণের উদ্দেশ্য সম্পর্কে সাধারণ ধারণা | | • Meta Business Suite বিষয়ক ধারণা<br>• Meta Business সেটিংস<br>• ফেসবুক পেজ অ্যাক্সেস ব্যবস্থাপনা<br>• ফেসবুক বিষয়ক নিরাপত্তা (2FA, Spam) |
| ২ | সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং বিষয়ক ধারণা | ৫ | Ads Manager |
| | • সোশ্যাল মিডিয়া এবং মার্কেটিং সম্পর্কে প্রাথমিক ধারণা<br>• পণ্যের ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন সম্পর্কে ধারণা<br>• পণ্যের মান উন্নয়ন বিষয়ক ধারণা<br>• পণ্যের প্যাকেজিং বিষয়ক ধারণা<br>• পণ্যের পরিবহণ বিষয়ক ধারণা<br>• বিভিন্ন প্রকার সোশ্যাল চ্যানেল বিষয়ক আলোচনা<br>• ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম এবং অন্যান্য সোশ্যাল চ্যানেলের ব্যবহার বিষয়ক আলোচনা | | • Ads Manager বিষয়ক ধারণা<br>• Facebook Ads Manager বিষয়ক ধারণা<br>• Facebook Ads Auction<br>• Facebook Ads-এর কার্যকারিতা<br>• বুস্টিং ও মেট্রিক্স বিষয়ক ধারণা<br>• পেমেন্ট ও পণ্যের ডেলিভারি বিষয়ক ধারণা |
| ৩ | ফেসবুকভিত্তিক মার্কেটিং কৌশল | ৬ | ইউটিউবভিত্তিক মার্কেটিং কৌশল |
| | • ফেসবুক পেজ প্রস্তুতকরণ এবং অপটিমাইজেশন<br>• ফেসবুক অ্যালগরিদম-এর কার্যপদ্ধতি<br>• ক্যালেন্ডারভিত্তিক কনটেন্ট ব্যবস্থাপনা<br>• ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি বিষয়ক ধারণা<br>• লাইভ এবং রিল প্রস্তুতকরণ<br>• ফেসবুক মনেটাইজেশন | | • ইউটিউব চ্যানেল প্রস্তুতকরণ<br>• ভিডিও প্রস্তুত বিষয়ক ধারণা<br>• Thumbnail প্রস্তুতকরণ<br>• ইউটিউব অ্যানালাইটিক্স<br>• করণীয় এবং করণীয় নয় বিষয়ক আলোচনা |

### সেশন পরিচালনা পরিকল্পনা

| সেশন | বিষয়বস্তু | প্রশিক্ষণার্থীদের অর্জন কিংবা প্রশিক্ষণ কোর্সটির মাধ্যমে যে যে বিষয়ে প্রশিক্ষণার্থীগণ জানতে পারবেন | পদ্ধতি | উপকরণ | মূল্যায়ন/মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০ | উদ্বোধন, রেজিস্ট্রেশন এবং জড়তা বিমোচন | প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে আন্তঃপরিচয় ঘটবে, নিজেদের মধ্যে ভাবের আদান-প্রদান হবে, জড়তা বিমোচন হবে সর্বোপরি অংশগ্রহণমূলক শিক্ষণ প্রক্রিয়া আরম্ভ হবে। | আলোচনা | হাজিরা খাতা, কাগজ, কলম | |
| ১ | প্রকল্প ও প্রশিক্ষণ কোর্সটির লক্ষ্য ও উদ্দেশ্য অবহিতকরণ | প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীগণ RMTP-এর আওতায় আয়োজিত সোশ্যাল মিডিয়া মার্কেটিং সংশ্লিষ্ট প্রশিক্ষণ সম্পর্কে সাধারণ ধারণা প্রাপ্ত হবেন পাশাপাশি দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সটির লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে অবগত হবেন। | আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ ফ্লিপ চার্ট | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| ২ | সোশ্যাল মিডিয়া এবং মার্কেটিং সম্পর্কে | পণ্যের মার্কেটিং কৌশল কি, সোশ্যাল মিডিয়া বলতে | আলোচনা, মুক্ত চিন্তার | পাওয়ার পয়েন্ট | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা |

+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

| সেশন | বিষয়বস্তু | প্রশিক্ষণার্থীদের অর্জন কিংবা প্রশিক্ষণ কোর্সটির মাধ্যমে যে যে বিষয়ে প্রশিক্ষণার্থীগণ জানতে পারবেন | পদ্ধতি | উপকরণ | মূল্যায়ন/মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | প্রাথমিক ধারণা | কি বুঝায়, বিশ্বের বিভিন্ন ধরনের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এবং সোশ্যাল মিডিয়া ভিত্তিক মার্কেটিং সম্পর্কে অংশগ্রহণকারীগণ ধারণা প্রাপ্ত হবেন। | ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | প্রেজেন্টেশন/ ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি | বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| | পণ্যের ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন সম্পর্কে ধারণা | কি উপায়ে উদ্যোক্তা ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন করতে পারবেন, কীভাবে ক্রেতাকে পণ্যের প্রতি আকৃষ্ট করা যায় এ বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। | | | |
| | পণ্যের মান উন্নয়ন, প্যাকেজিং এবং পরিবহণ বিষয়ক ধারণা | পণ্যের ধরণ অনুযায়ী মান নিশ্চিতকরণ এবং প্যাকেজিং-এর ক্ষেত্রে কি কি বিষয়ের দিকে খেয়াল করতে হবে, পরিবহণ/বিতরণের ক্ষেত্রে পণ্যের ধরণভিত্তিক প্যাকেজিং কৌশল কেমন হবে এবং প্রশিক্ষকের অভিজ্ঞতার আলোকে এতৎসংশ্লিষ্ট সর্বোত্তম ব্যবস্থাপনা বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। | | | |
| | বিভিন্ন প্রকার সোশ্যাল চ্যানেল যেমনঃ ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম এবং অন্যান্য সোশ্যাল চ্যানেলের ব্যবহার বিষয়ক আলোচনা | প্রচলিত বিভিন্ন সোশ্যাল মিডিয়া তথা চ্যানেল যেমনঃ ফেসবুক, ইউটিউব, ইনস্টাগ্রাম, এক্স এবং অন্যান্য সোশ্যাল চ্যানেল এবং সেগুলোর উদ্দেশ্য ও ব্যবহার বিষয়ে অংশগ্রহণকারীগণ সম্যক ধারণা পাবেন। | | | |
| ৩ | ফেসবুক পেজ প্রস্তুতকরণ এবং অপটিমাইজেশন | অংশগ্রহণকারীগণ ফেসবুক ওয়েব/অ্যাপ ব্যবহার করে পেজ প্রস্তুত করতে সক্ষম হবেন এবং কি কি তথ্য অন্তর্ভুক্ত করে পেজটিকে সমৃদ্ধ করা যাবে ও সহজেই জনগণ পেজটি সার্চ করে খুঁজে পাবে সেসব বিষয়ে সম্যক ধারণা পাবেন। | আলোচনা, মুক্ত চিন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| | ফেসবুক অ্যালগরিদম-এর কার্যপদ্ধতি | কোন ফেসবুক গ্রুপ, পেজ, পোস্ট এবং পেজ-এর অন্তর্গত যেকোন পোস্ট ইত্যাদি কি পদ্ধতিতে/কৌশলে জনগণের প্রত্যাশা এবং চাহিদা মোতাবেক তাঁদের অ্যাকাউন্ট-এ প্রদর্শিত হয় সেসব বিষয়ে অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন। | | | |
| | ক্যালেন্ডারভিত্তিক কনটেন্ট ব্যবস্থাপনা | ফেসবুক পেজ-এর কনটেন্ট প্রস্তুত করা এবং নির্দিষ্ট সময়ানুপাতিক পরিকল্পনা (ক্যালেন্ডার) অনুযায়ী কখন ও কোথায় তা পোস্ট করা হবে এ সমস্ত কৌশল সম্পর্কে অংশগ্রহণকারীগণ ব্যবহারিক উদাহরণসহ ধারণা প্রাপ্ত হবেন। | | | |
| | ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি এবং লাইভ এবং রিল প্রস্তুতকরণ বিষয়ক ধারণা | কনটেন্ট প্রস্তুতকরণের ক্ষেত্রে ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি কৌশল সম্পর্কে অংশগ্রহণকারীগণ অবগত হবেন। এর পাশাপাশি ফেসবুক লাইভ এবং রিল কি উপায়ে প্রস্তুত করতে হয় সে সম্পর্কেও সম্যক ধারণা পাবেন। | | | |
| | ফেসবুক মনেটাইজেশন বিষয়ক ধারণা | পণ্য বিষয়ক কনটেন্ট প্রস্তুতকরণ এবং সেগুলো প্রদর্শন করে ফেসবুক থেকেই কি উপায়ে অর্থ উপার্জন করা যায় সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন। | | | |
| ৪ | Meta Business Suite বিষয়ক ধারণা | ফেসবুক/মেটা বিজনেস স্যুট কি এবং তা ব্যবহার করে পণ্য প্রদর্শন ও মার্কেটিং-এর কি কি কাজ করা যায়, কীভাবে করা যায়, মেটা বিজনেস স্যুট বিষয়ক বিভিন্ন সেটিংস সম্পর্কে অংশগ্রহণকারীগণ শিখতে পারবেন। | আলোচনা, মুক্ত চিন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ ফ্লিপ চার্ট/পোস্টার প্রভৃতি | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| | ফেসবুক পেজ অ্যাক্সেস | ফেসবুক পেজ-এ অ্যাডমিন/মডারেটর কর্তৃক সাইন ইন | | | |

| সেশন | বিষয়বস্তু | প্রশিক্ষণার্থীদের অর্জন কিংবা প্রশিক্ষণ কোর্সটির মাধ্যমে যে যে বিষয়ে প্রশিক্ষণার্থীগণ জানতে পারবেন | পদ্ধতি | উপকরণ | মূল্যায়ন/মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | এবং নিরাপত্তা ব্যবস্থাপনা | করা এবং পেজ ব্যবস্থাপনা শেষে সঠিকভাবে সাইন আউট করা, পেজ অ্যাডমিন/মডারেটর কর্তৃক পেজ-এর অ্যাকাউন্টভিত্তিক তথ্য নিরাপত্তা, স্পাম নিয়ন্ত্রণ ছাড়াও পেজ-এ প্রদর্শিতব্য কনটেন্ট-এর নিরাপত্তা কীভাবে নিশ্চিত করা যায় ইত্যাদি বিষয় সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন। | | | |
| ৫ | Ads Manager (বিজ্ঞাপন ব্যবস্থাপনা) | ফেসবুক-পেজ এবং পেজ এ প্রদর্শিতব্য পোস্ট তথা কনটেন্টসমূহের প্রোমোশন কীভাবে করা যায়, এতৎসংশ্লিষ্ট বিজ্ঞাপন ব্যবস্থাপনা বিষয়ে অংশগ্রহণকারীগণ জানতে পারবেন। ফেসবুক অ্যাডস ম্যানেজার-এর কার্যকারিতা, অকশনভিত্তিক অ্যাড কীভাবে প্রস্তুত করতে হয় এসব বিষয়েও অংশগ্রহণকারীগণ সুস্পষ্ট ধারণা পাবেন। | আলোচনা, মুক্ত চিন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ ফ্লিপ চার্ট/ পোস্টার প্রভৃতি | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| | ফেসবুক পেজ/পোস্ট বুস্টিং ও মেট্রিক্স বিষয়ক ধারণা | ফেসবুক পেজ/পোস্ট প্রমোশনের প্রয়োজন মোতাবেক যেমনঃ এলাকা, বয়স, জেন্ডার ইত্যাদি বিবেচনায় বুস্টিং কীভাবে করা যায় এবং পেজ/পোস্ট-এ দর্শকদের Engagements, Reach, Impression, Frequency, Average watch time, cost per click, cost per mile ইত্যাদি মেট্রিক্সসমূহ কীভাবে জানা যায় সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুস্পষ্ট ধারণা পাবেন। | | | |
| | মূল্য পরিশোধ প্রক্রিয়া (পেমেন্ট) ও পণ্যের ডেলিভারি | ফেসবুক পেজ/পোস্ট-এর জন্য প্রস্তুতকৃত বিজ্ঞাপন সর্বোচ্চ সংখ্যক দর্শকের কাছে সফলভাবে পৌঁছে দেওয়ার জন্য কীভাবে উক্ত বিজ্ঞাপনের পেমেন্ট করতে হবে, পেমেন্ট প্রদানের ক্ষেত্রে কি কি বাধ্যবাধকতা আছে সে বিষয়ে অংশগ্রহণকারীগণ ধারণা পাবেন। এছাড়াও পণ্য বিতরণের সাপ্লাই চেইন ব্যবস্থাপনা কেমন হতে পারে সে বিষয়েও অংশগ্রহণকারীগণ সুনির্দিষ্ট ধারণা পাবেন। | | | |
| ৬ | ইউটিউব চ্যানেল প্রস্তুতকরণ | অংশগ্রহণকারীগণ ইউটিউব চ্যানেল তৈরি বিষয়ক ধারণা পাবেন। | আলোচনা, মুক্ত চিন্তার ঝড়, সফল কেস স্ট্যাডি আলোচনা | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন/ ফ্লিপ চার্ট/ পোস্টার প্রভৃতি | প্রশিক্ষক প্রাসঙ্গিকতা বিবেচনা করে মৌখিক বা ব্যবহারিক মূল্যায়ন করবেন |
| | ইউটিউব ভিডিও এবং এর Thumbnail প্রস্তুতকরণ | অংশগ্রহণকারীগণ ইউটিউব চ্যানেলের আওতায় ভিডিও কনটেন্ট এবং Thumbnail কীভাবে প্রস্তুত করতে হবে, ভিডিও আপলোড কীভাবে করতে হবে, কোন শর্ত প্রযোজ্য কিনা সে সব বিষয়ে অংশগ্রহণকারীগণ জানতে পারবেন। | | | |
| | ইউটিউব অ্যানালাইটিক্স | ইউটিউব চ্যানেল চ্যানেল বা পোস্ট-এ দর্শকদের Engagements, Reach, Impression, Average watch time, cost per click, cost per mile, Age and Gender based analytics ইত্যাদি মেট্রিক্সসমূহ কীভাবে জানা যায় সে সম্পর্কে অংশগ্রহণকারীগণ সুস্পষ্ট ধারণা পাবেন। | | | |
| | করণীয় এবং করণীয় নয় বিষয়ক আলোচনা | ইউটিউব চ্যানেল ব্যবস্থাপনার ক্ষেত্রে কি কি বিষয় খেয়াল রাখতে হবে, কি কি বিষয় পরিহার করতে হবে সে বিষয়ে অংশগ্রহণকারীগণ জানতে পারবেন। | | | |

পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
+৮৮০ ২ ৫৮১৫১১২৬, ০১৭৭৭৭৯১১২২
+880 2 58151126, 01777791122
info@padakhep.org
www.padakhep.org
এস টাওয়ার, ২৮/১, পশ্চিম তেজতুরি বাজার, তেজগাঁও, ঢাকা-১২১৫
S Tower, 28/1, West Tejturi Bazar, Tejgaon, Dhaka-1215

# প্রশিক্ষণ সূচী

| সেশন | সময় | প্রশিক্ষণের বিষয় | রিসোর্স পারসন |
|---|---|---|---|
| | ০৮.৪৫-০৯.০০ | • উদ্বোধন, রেজিষ্ট্রেশন, জড়তা বিমোচন ও প্রাক-মূল্যায়ন। | সহযোগী সংস্থা কর্তৃক ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে চূড়ান্ত হবে |
| ১ | ০৯.০০-০৯.১৫ | • RMTP ও প্রশিক্ষণ কোর্সটির লক্ষ্য ও উদ্দেশ্য অবহিতকরণ। | |
| ২ | ০৯.১৫-০৯.৪৫ | • সোশ্যাল মিডিয়া এবং মার্কেটিং সম্পর্কে প্রাথমিক ধারণা।<br>• পণ্যের ব্যবসায়িক যোগাযোগ দক্ষতা উন্নয়ন সম্পর্কে ধারণা<br>• পণ্যের মান উন্নয়ন বিষয়ক ধারণা<br>• পণ্যের প্যাকেজিং বিষয়ক ধারণা<br>• পণ্যের পরিবহণ বিষয়ক ধারণা<br>• বিভিন্ন প্রকার সোশ্যাল চ্যানেল বিষয়ক আলোচনা | |
| ৩ | ০৯.৪৫-১১.০০ | • ফেসবুক পেজ প্রস্তুতকরণ এবং অপটিমাইজেশন<br>• ফেসবুক অ্যালগরিদম-এর কার্যপদ্ধতি<br>• ক্যালেন্ডারভিত্তিক কনটেন্ট ব্যবস্থাপনা<br>• ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি এবং লাইভ এবং রিল প্রস্তুতকরণ বিষয়ক ধারণা<br>• ফেসবুক মনেটাইজেশন বিষয়ক ধারণা | |
| | ১১.০০-১১.১৫ | চা বিরতি | |
| ৪ | ১১.১৫-০১.০০ | • Meta Business Suite বিষয়ক ধারণা<br>• ফেসবুক পেজ অ্যাক্সেস এবং নিরাপত্তা ব্যবস্থাপনা | |
| | ০১.০০-০২.০০ | মধ্যাহ্ন বিরতি | |
| ৫ | ০২.০০-০৩.৩০ | • Ads Manager (বিজ্ঞাপন ব্যবস্থাপনা)<br>• ফেসবুক পেজ/পোস্ট বুস্টিং ও মেট্রিক্স বিষয়ক ধারণা<br>• মূল্য পরিশোধ প্রক্রিয়া (পেমেন্ট) ও পণ্যের ডেলিভারি বিষয়ক ধারণা | |
| | ০৩.৩০-০৩.৪৫ | চা বিরতি | |
| ৬ | ০৩.৪৫-০৫.৩০ | • ইউটিউব চ্যানেল প্রস্তুতকরণ<br>• ইউটিউব ভিডিও এবং এর Thumbnail প্রস্তুতকরণ<br>• ইউটিউব অ্যানালাইটিক্স<br>• করণীয়  এবং করণীয়  নয় বিষয়ক আলোচনা | |